

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১০৯.১৬.০৪৯.২২-১১৪

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়ঃ আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ কেন্দ্র (আরপিটিআই), খুলনা পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি : মল্লিকা খাতুন  
যুগ্মসচিব (পারসোনেল-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ কেন্দ্র (আরপিটিআই), খুলনা  
পরিদর্শনের তারিখ ও সময় : ২২ জানুয়ারি ২০২৩, বেলা ১২.৩০ টা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণের উদ্বোধন ও ক্লাস গ্রহণ শেষে ২২ জানুয়ারি ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ কেন্দ্র (আরপিটিআই), খুলনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ, শিক্ষকমন্ডলী ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, প্রশিক্ষন সুবিধাদি, প্রশিক্ষনার্থীদের হোস্টেল সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

১। প্রতিষ্ঠা ও আসনসংখ্যা: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন জেলা, উপজেলা, ইউনিয়ন এবং মাঠপর্যায়ে কর্মরত প্যারামেডিক্স, ইউনিয়ন পর্যায়ে সেবা প্রদানকারী, মাঠ পর্যায়ের সুপারভাইজার এবং মাঠকর্মীদের প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে এ প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক সুবিধা-সহ প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নার্সিং ও মীডওয়াইফারী অধিদপ্তর এবং অন্যান্য সংস্থার কর্মসূচী ব্যবস্থাপকসহ বিভিন্ন ক্যাটাগরীর সেবাপ্রদানকারীদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। এ প্রতিষ্ঠানে প্রশিক্ষনার্থীদের জন্য ৬০ (ষাট) টি আসন রয়েছে।


২। অবকাঠামো: আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ কেন্দ্র (আরপিটিআই), খুলনা এর প্রশিক্ষণ কার্যক্রম একটি দ্বিতল ভবনে সম্পাদিত হয়। ০২ (দুই)টি শ্রেণীকক্ষ রয়েছে যার প্রতিটিতে ৩০ (ত্রিশ) জনের আসন সংকুলান করা যায়। ভবনটি ১৯৮৩ সালে নির্মিত বলে অধ্যক্ষ অবহিত করেন। খুলনা অঞ্চলের লবনাক্ত পরিবেশে এ দীর্ঘ সময়ে প্রতিষ্ঠানের তেমন কোনো সংস্কার কাজ না করায় ভবনটির প্রায় জরাজীর্ণ অবস্থা পরিলক্ষিত হয়। শ্রেণীকক্ষ এবং গেস্টরুমের দেয়াল ও ছাদ হতে প্লাস্টার খসে পড়ছে মর্মে দেখা যায়। এছাড়াও শ্রেণীকক্ষে প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রয়োজনীয় সুযোগ সুবিধার ঘাটতি রয়েছে। প্রশিক্ষণের জন্য অপরিহার্য একমাত্র মাল্টিমিডিয়াটি ব্যবহার অনুপযোগী।

৩। জনবল: আরপিটিআই, খুলনা-য় জনবলের ব্যাপক সংকট দেখা যায়। বর্তমানে ০১ জন অধ্যক্ষ, ০২ জন ফিল্ড ট্রেনার এবং ০২ জন নার্সিং এন্ড মিডওয়াইফারি'র মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। লেকচারার এর অনুমোদিত ০৪টি পদই শূন্য। এছাড়াও ০২টি ফিল্ড ট্রেনারের পদ শূন্য রয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবলের ও সংকট রয়েছে। খুলনা মেডিকেল কলেজের অধ্যাপক, সিভিল সার্জন, উপপরিচালক (পরিবার পরিকল্পনা), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং অন্যান্য প্রফেশনাল ও নন-প্রফেশনাল কর্মকর্তাদের রিসোর্স পারসন হিসাবে আমন্ত্রণ জানানোর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা হয়েছে বলে অধ্যক্ষ অবহিত করেন।

৪। হোস্টেল ব্যবস্থাপনা: প্রশিক্ষার্থীদের আবাসনের জন্য একটি দ্বিতল ভবনে ৪০টি কক্ষ রয়েছে। সাধারণত: প্রতি কক্ষে ০২ জন করে প্রশিক্ষার্থী অবস্থান করে। তবে প্রয়োজনীয় সংখ্যক বাথরুম ও ল্যাট্রিনের সংকট রয়েছে বলে প্রশিক্ষার্থীরা জানান। হোস্টেলের ছাদের আস্তরন, কক্ষসমূহের দেয়াল, বাথরুম ও ল্যাট্রিন সংস্কার প্রয়োজন।

৫। সার্বিক মতামত/সুপারিশ:

- (ক) প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে শিক্ষক পদায়ন করতে হবে;
- (খ) একাডেমিক ও হোস্টেল ভবন জরুরী ভিত্তিতে সংস্কারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (গ) শ্রেণীকক্ষ সংস্কার এবং প্রশিক্ষণ উপকরণ বৃদ্ধিসহ ব্যবহার অনুপযোগী মাল্টিমিডিয়াটি দ্রুত পরিবর্তন করতে হবে; এবং
- (ঘ) প্রশিক্ষার্থীদের আবাসন সুবিধাদি নিশ্চিত করার পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক বাথরুম ও ল্যাট্রিন স্থাপন করা প্রয়োজন।

  
(মল্লিকা খাতুন)  
যুগ্মসচিব

ফোন: ৫৫১০০৭৯৫

Email: per1@mefwd.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ কেন্দ্র (আরপিটিআই), খুলনা
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। উপসচিব (পারসোনেল-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। যুগ্মসচিব (পারসোনেল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।